২০২১-২২ অর্থ বছরে রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ের নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি	:	আব্দুল জলিল জেলা প্রশাসক, রাজশাহী
সভার স্থান	:	জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী'র সম্মেলন কক্ষ
সভার তারিখ	:	২০.০৩.২০২২ খ্রি.
সময়	:	বেলা ১০.৩০ টা

উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর বিভিন্ন কর্মসম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রমের শুরুতেই নৈতিকতা কমিটির সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে। তাছাড়া এ কার্যালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন কার্যক্রমের বিপরীতে শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন, নির্ধারিত সময়ের মধ্যে ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করার বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে। তারই ধারাবাহিকতায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন সূচক বাস্তবায়নের নিমিত্তে এ সভার আয়োজন করা হয়েছে।

সভাপতি কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। এছাড়া জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান এবং মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্যও অনুরোধ করেন। এছাড়াও সভায় বিভিন্ন কর্মসম্পাদন সূচক নিয়ে আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন, সিদ্ধান্ত বাস্তবায়ন, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি, সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
২.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০২১-২০২২ এর বিভিন্ন সূচক বাস্তবায়নে সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি নৈতিকতা কমিটির সভা আয়োজন ও সিদ্ধান্ত	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
৩.	কর্মকর্তা-কর্মচারীদের জন্য অবশ্য পালনীয় বিধি বিধান ঠিক করে দেওয়া, নিজস্ব কর্মপরিবেশে শুদ্ধাচার প্রতিষ্ঠায় এ সংক্রান্ত প্রজ্ঞাপন/ পরিপত্র মেনে চলার জন্য কর্মশালার আয়োজন করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
৪.	দক্ষতা ও নৈতিকতার উন্নয়নের লক্ষ্যে আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী
৫.	স্ব স্ব ওয়েব সাইটে সেবাবক্স হালনাগাদকরণের নিমিত্তে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী ২. জেলার সকল দপ্তর প্রধান ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী

৬.	সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে উত্তম চর্চার (Best Practice) তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে শুদ্ধাচার কৌশল পরিকল্পনার কলামসমূহে বিভাজন করে প্রদর্শন করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ২. জেলার সকল দপ্তর প্রধান ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী
৭.	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে প্রতিরোধ সভা, প্রতিরোধ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, প্রতিরোধ বিষয়ক জনসচেতনতামূলক সমাবেশ বাস্তবায়ন, নৈতিকতা ও মূল্যরোধ বৃদ্ধির জন্য কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে কর্মশালা আয়োজন করতে হবে। উল্লিখিত কার্যক্রমগুলো শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে প্রদর্শন করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ২. জেলার সকল দপ্তর প্রধান ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী
৮.	স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণের নিমিত্তে স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন এবং ওয়েবসাইটে প্রকাশ, শাখা/ অধিশাখা/ অধিনস্ত অফিস পরিদর্শন, শাখা/ অধিশাখা/ অধিনস্ত অফিস পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন, সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ, শ্রেণি বিন্যাসকৃত নথি বিনষ্টকরণ, প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজন ও অডিট আপত্তি নিষ্পত্তিকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ২. জেলার সকল দপ্তর প্রধান ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী
৯.	পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ ১ এবং নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী ২. জেলার সকল দপ্তর প্রধান ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল) রাজশাহী

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

20/6/22

আব্দুল জলিল
জেলা প্রশাসক
রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(সাধারণ শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.০৮.০২২.৬৮০

তারিখঃ ২৪ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
০৭ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(রাজস্ব)/(সার্বিক), রাজশাহী
৪. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল),............................, রাজশাহী
৬. ....
....
....

09/04/22

কল্যাণ চৌধুরী
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
রাজশাহী
ফোন: ৭৭২৩৬২ (অফিস)
Email: adcgrajshahi@mopa.gov.bd